জাপানে টয়োটার মোটোমাচি কারখানা পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী



ছবি:সংগৃহীত

জাপান সফরের শেষ দিনে দেশটির গাড়ি নির্মাণশিল্পের অন্যতম প্রতিষ্ঠান টয়োটার মোটোমাচি কারখানা পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) ভোরে বুলেট ট্রেনে টোকিও থেকে নাগোয়ায় পৌঁছে তিনি কারখানাটি ঘুরে দেখেন।

এদিন টয়োটার শিল্পপ্রযুক্তি জাদুঘর পরিদর্শন এবং টয়োটা টুশো করপোরেশনের প্রধান নির্বাহীর আয়োজনে মধ্যাহ্নভোজে অংশ নেওয়ারও কথা রয়েছে প্রধানমন্ত্রীর। জাপানের শিল্প ও প্রযুক্তিগত অভিজ্ঞতা কাজে লাগিয়ে বাংলাদেশে বিনিয়োগ বাড়ানো, প্রযুক্তি বিনিময় এবং কর্মসংস্থানের সুযোগ তৈরির সম্ভাবনা খতিয়ে দেখা এ সফরের অন্যতম উদ্দেশ্য।

চার দিনের সফর শেষে বৃহস্পতিবার স্থানীয় সময় সন্ধ্যা ৬টায় বিমান বাংলাদেশ এয়ারলাইনসের নিয়মিত ফ্লাইটে নারিতা বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে যাত্রা করার কথা রয়েছে তারেক রহমানের।

LENS ASIA